দৈনিক সংবাদ

তারিখ 04 JAN 1994
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৮ ...

26

# বুয়েটের উপাচার্যের পদত্যাগ দাবি ঃ শিক্ষকরা ধর্মঘট চালিয়ে যাচ্ছেন

।। বুয়েট সংবাদদাতা ।।

প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) ছাত্ররা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগ দাবি করেছে। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা তাদের ধর্মঘটের আওতায় গতকালও ক্লাস নেননি।

অবিলম্বে বিশ্ববিদ্যালয়ের অচলাবস্থা নিরসন ও ক্লাস শুরুর দাবিতে গতকাল সোমবার সকালে সর্বদলীয় ছাত্রঐক্য ক্যাম্পাসে মিছিল করেছে। শিক্ষকদের ধর্মঘটের কারণে গত ৮ই ডিসেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ে ক্লাস হচ্ছে না।

মিছিলশেষে ক্যাফেটেরিয়া এলাকায় সর্বদলীয় ছাত্রঐক্যের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ছাত্রনেতারা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগ দাবি করেন। ছাত্র-নেতারা তাদের বক্তব্যে বলেন, বর্তমান প্রশাসনের আওতায় বিশ্ববিদ্যালয়ে অরাজকতা চলছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশ্ববিদ্যালয় চালাতে ব্যর্থ হয়েছেন। বক্তারা বলেন, বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা অস্থিতিশীল অবস্থার অবসান চায়, তারা

বুয়েট ঃ পৃঃ ১০ কঃ ৫

## বুয়েট ঃ পদত্যাগ দাবি

(১ম পৃষ্ঠার পর)

অবিলম্বে ক্লাস করতে চায়।

সভায় বক্তব্য রাখেন প্রকৌশল বিশ্ব-বিদ্যালয় শাখার জাতীয়তাবাদী ছাত্রদল সভাপতি মোস্তাফিজুর রহমান মানিক, ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক আনোয়ার সাদাত, ছাত্রলীগ (ম-ই) সভাপতি মনজুরুল হক ও ছাত্রলীগ (বা-কা) সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম মামুন।

### শিক্ষক ধর্মঘট

গতকাল সোমবার শিক্ষক সমিতির এক সাধারণ সভায় শিক্ষকদের ধর্মঘট অব্যাহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা তাদের দু'দফা দাবিতে ৮ই ডিসেম্বর থেকে ধর্মঘট করে আসছেন।

শিক্ষক সমিতির সভার আগে বিশ্ব-বিদ্যালয়ের উপাচার্য শিক্ষকদের উদ্দেশ্যে প্রদত্ত এক বক্তৃতায় শিক্ষকদের ক্লাসে যোগদানের অনুরোধ জানান এবং শিক্ষক-দের দাবি সাধ্যমত পূরণের আশ্বাস দেন।